দৈনিক খবর

তারিখ ...30 DEC 1990...
পৃষ্ঠা... ৫ ...কলাম... ১ ...

49

# ফারসী ভাষা ও সাহিত্য চর্চার ওপর গুরুত্বারোপ

অস্থায়ী রাষ্ট্রপতির শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী আমাদের নিজস্ব সাহিত্য ও সংস্কৃতিকে সমৃদ্ধ করার জন্য পারস্য ভাষা ও সাহিত্যের গবেষণা ও চর্চার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, পারস্য ভাষা ও সাহিত্য ছিল আমাদের অতীত উত্তরাধিকারের অংশ বিশেষ। শিক্ষা উপদেষ্টা গত শুক্রবার স্থানীয় এক হোটেলে ফেরদৌসির শাহনামা রচনার হাজার বছর পূর্তি উপলক্ষে আয়োজিত সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সহযোগিতায় ঢাকাস্থ ইসলামী প্রজাতন্ত্র ইরানের সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে আয়োজিত এ সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষা সচিব আ.ন ম ইউসুফ সভাপতিত্ব করেন। খবর তথ্য বিবরণী'র।

বাংলাদেশে নিযুক্ত ইরানী রাষ্ট্রদূত মিঃ মোহাম্মদ গনজী দোস্ত, ইরানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রেজাউল করিম, ইউনেস্কোর আঞ্চলিক পরিচালক হেদায়েত আহমেদ এবং ইউনেস্কো জাতীয় কমিশনের সেক্রেটারী আবদুস সেলিম বক্তৃতা করেন।

শিক্ষা উপদেষ্টা বলেন, ফেরদৌসী শাহনামা রচনার মাধ্যমে শুধু ইরানেই নয় বরং সারা পৃথিবীতে বিখ্যাত হয়েছিলেন। তিনি বলেন, শাহনামাতে ফেরদৌসী ইরানী জাতীয়তাবাদকে তুলে ধরে জাতীয় কবির মর্যাদা লাভ করেছিলেন যা পরবর্তীতে এ উপমহাদেশেও অনুসরণ করা হয়েছে।

প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী উল্লেখ করেন যে, কবিতা যে একটা অনন্ত প্রেরণা ও জাতীয় স্বকীয়তার ধারণা সৃষ্টি করতে পারে ফেরদৌসী তা প্রমাণ করে গেছেন। তিনি বলেন, একজন কবি তাঁর কবিতার মধ্যে বেঁচে থাকেন এবং ফেরদৌসী শাহনামার মধ্যে অমর থাকবেন। তিনি উল্লেখ করেন যে, বাংলা একাডেমীর উদ্যোগে ফেরদৌসীর শাহনামার বাংলা অনুবাদ শীঘ্রই প্রকাশিত হবে এবং তা শাহনামার বিভিন্ন গল্পকে নতুন প্রজন্মের মধ্যে আরো জনপ্রিয় করে তুলবে। তিনি আমাদের বিশ্ববিদ্যালয়সমূহে পারস্য ভাষা, সাহিত্য ও সংস্কৃতি চর্চার লক্ষ্যে চেয়ার প্রবর্তনের পরামর্শ দেন।

পরে উপদেষ্টা এ উপলক্ষে আয়োজিত রচনা ও কবিতা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।